



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

[www.ncc.gov.bd](http://www.ncc.gov.bd)



শেখ হাসিনার  
মূলনীতি

### প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৩/১০/২০২০ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.৩০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়নসহ মোট ৭৫৫ কোটি ৭৩ লক্ষ ৪৩ হাজার ১৪৪ টাকার বাজেট ঘোষণা করেছেন। প্রস্তাবিত বাজেটে রাজস্ব ও উন্নয়ন খাতে মোট ৬৫৮ কোটি ৬৬ লক্ষ ০৫ হাজার ২৪৩ টাকা আয় এবং মোট ৬৫১ কোটি ১৭ লক্ষ ৫৩ হাজার ৬৫৪ টাকা ব্যয় ধরা হয়েছে। বছর শেষে ঘোষিত বাজেটে ৭ কোটি ৪৮ লক্ষ ৫১ হাজার ৫৮৯ টাকা উন্নত থাকবে। অবকাঠামোগত উন্নয়ন যথা-  
রাস্তা, ড্রেন, ব্রীজ, কালভার্ট নির্মাণ ও পুনঃনির্মাণ, বৃক্ষ রোপন, দারিদ্র্য বিমোচন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জরুরীত্বাগ, তথ্য-প্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, যানজট নিরসন, জলাবদ্ধতা দূরীকরণ, বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন, খেলাধূলার মানোন্নয়ন, স্ট্রীট লাইট স্থাপনসহ পানি সরবরাহ খাতে বিশেষ বরাদ্দ রাখা হয়েছে। ADB, CGP, MGSP, ADP প্রকল্প সহায়তার মাধ্যমে অবকাঠামো নির্মাণ ও পুনঃনির্মাণ, বর্জ্য ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ এবং সিটি কর্পোরেশনের আওতাধীন খালসমূহ খননের মাধ্যমে জলাধার সংরক্ষণের জন্য বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। সিটি কর্পোরেশনের আয়বর্ধক প্রকল্প হিসেবে নিজস্ব ভূমিতে বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের উদ্যোগ নেয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের জন্য বাজেটে সুযোগ রাখা হয়েছে। খেলাধূলার মানোন্নয়নে প্রতিটি ওয়ার্ডে খেলাধূলার সামগ্রী বিতরণসহ মাঠ উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নগর ভবন নির্মাণ কাজ চলমান আছে। জিমখানা লেক উন্নয়ন ও ওয়াকওয়ে নির্মাণের কাজ চলমান আছে। শীতলক্ষ্য নদী হতে ধলেশ্বরী নদী পর্যন্ত বাবুরাইল খাল পুনঃখনন, সৌন্দর্যবৃক্ষ করণ, আলোকিতকরণ ও ওয়াকওয়ে নির্মাণ প্রকল্পের কাজ চলমান আছে। সিন্দ্রিগঞ্জ ডিএনডি ক্যানেলের পুনঃখনন, সৌন্দর্যবৃক্ষ করণ, জলাধার সংরক্ষণ, আলোকিতকরণ, ও ড্রেনসহ ওয়াকওয়ে নির্মাণ। ৫নং গুদারাঘাটের নিকট শীতলক্ষ্য নদীর উপর দিয়ে কদমরসুল ব্রীজ নির্মাণ। জাতীয় দিবসসমূহ উদযাপনসহ রক্ষণাবেক্ষণ খাতে বাজেটে পর্যাপ্ত বরাদ্দ রাখা হয়েছে। বাজেট অনুষ্ঠানে দল মত নির্বিশেষে সকল রাজনৈতিক দলের নেতৃবন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সকল কাউন্সিলর ও সাংবাদিকবৃন্দ উপস্থিত থেকে তাঁদের মতামত ব্যক্ত করেন। মেয়র মহোদয় সম্মানিত নাগরিকদের সহযোগিতা কামনা করেন এবং সময়মত হোল্ডিং কর পরিশোধ করে নগরীর উন্নয়ন কার্যক্রমে ভূমিকা রাখার জন্য অনুরোধ করেন।

(মোঃ আবুল আমিন)

প্রধান নির্বাহী কর্মকর্তা

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

### অনুলিপি সদয় ব্যবস্থার জন্য

১। সম্পাদক .....

(প্রেস বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)